# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**পরিচালকের কার্যালয়**
**কল্যাণ পরিদপ্তর**
বাপাউবো, পানি ভবন, (নিচ তলা)
৭২, গ্রীণ রোড, ঢাকা-১২০৫।
ই-মেইল- welfaredte@gmail.com
ওয়েবমেইল- dir.welfare@bwdb.gov.bd

**OFFICE OF THE DIRECTOR**
**Directorate of Welfare**
**BWDB, PANI BHABAN, (Ground Floor)**
72, Green Road, Dhaka-1205.
E-mail- welfaredte@gmail.com
Webmail- dir.welfare@bwdb.gov.bd

স্মারক নং-১০৪-পাউবো(কল্যাণ)/বিবিধ-৭২৩/২০২১ — তারিখ: ২৭/০১/২০২২খ্রিঃ।

বরাবর,
মোসা: নিনা আশরাফী
স্বত্বাধিকারী,
হেলথ ফর পিপল, বাড়ী নং ৮/৩, রোড নং ৯/এ,
খন্দকার লেন, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।

বিষয়:- Health for People (HFP)'র সাথে কল্যাণ পরিদপ্তর, বাপাউবো'র সম্পাদিত চুক্তি বাতিল প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমনে দেশব্যাপী উদ্ভুত জরুরী পরিস্থিতিতে হাসপাতালগুলোতে ICU সংকট দেখা দেয়ার প্রেক্ষাপটে পানি সম্পদ মন্ত্রণালয় ও উহার অধীনস্থ সংস্থা সমুহের কোভিড-১৯ আক্রান্ত কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২ গ্রীণরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান)" এ একক উৎসভিত্তিক প্রতিষ্ঠান হিসেবে চিকিৎসক, নার্স ও অন্যান্য সহায়ক জনবল সরবরাহের জন্য ১২/০৫/২০২১ খ্রি: তারিখে Health for People (HFP) এর সাথে কল্যাণ পরিদপ্তর, বাপাউবো'র চুক্তি সম্পাদিত হয়। মেডিকেল সেন্টারটি চালুর সময় কোভিড-১৯ রোগের ভয়াবহ পরিস্থিতি বিদ্যমান থাকলেও বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি ঘটায় সেন্টারটির জরুরী প্রয়োজন শেষ হয়েছে।

এমতাবস্থায়, পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.২১-২২, তারিখ: ১৯/০১/২০২২ খ্রি: মূলে প্রাপ্ত সিদ্ধান্ত **"তদন্তের ফলে দেখা যায় যে, ৬৮ জন লোকবল নিয়ে চুক্তি হয়েছিল। তবে অর্ধেকও কর্মস্থলে পাওয়া যায়নি। ঠিক কতজন লোক কাজ করেছে তার সঠিক সংখ্যা ও হিসাব দাখিলের জন্য ঠিকাদারকে জানানো হোক। কোভিড পরিস্থিতির যথেষ্ট উন্নতি ঘটেছে। জরুরী প্রয়োজন শেষ হয়েছে। আদেশ প্রাপ্তির ১ সপ্তাহের মধ্যে হাসপাতালটি বন্ধ করা হোক। ভবিষ্যতে এটিকে মেডিকেল সেন্টার হিসেবে চালুর উদ্যোগ নেয়া হবে। বোর্ডের ডাক্তার, কম্পাউন্ডার যন্ত্রপাতিসহ দায়িত্ব বুঝে নিবে।"**-এর পরিপ্রেক্ষিতে পিপিআর-২০০৮ এর বিধি ৪২(২)(খ), Health for People (HFP)'র সাথে কল্যাণ পরিদপ্তর, বাপাউবো'র সম্পাদিত চুক্তির GCC Clause 63 (Termination for Convenience) এবং শর্ত "As employer BWDB deserves the full right to amend any clause/part of the contract or cancel the whole Contract whenever the situation arises" মোতাবেক ৩১/০১/২০২২খ্রি: হতে চুক্তিটি বাতিল করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**স্বাক্ষরিত/-**
(শেখ মাসুদুল হক)
পরিচালক
কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-১০৪/১(২)- পাউবো(কল্যাণ)/বিবিধ-৭২৩/২০২১ — তারিখ: ২৭/০১/২০২২খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জনাব নাজমুল ইসলাম ভূঁইয়া, উপ-সচিব (উন্নয়ন-৩ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয় ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীণরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধিনস্থ একটি প্রতিষ্ঠান)।
২। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**স্বাক্ষরিত/-**
(শেখ মাসুদুল হক)
পরিচালক
কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

(অ:পৃ:দ্র:)

E:\Welfare PANI 2020\Medical Centre BWDB\Medical Close\Office Order.doc

স্মারক নং-১০৪/২(২)- পাউবো(কল্যাণ)/বিবিধ-৭২৩/২০২১ তারিখ: ২৭/০১/২০২২খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জনাব মোঃ মাহফুজুল হক, চীফ এক্সিকিউটিভ, হেলথ ফর পিপল, বাড়ী নং ৮/৩, রোড নং ৯/এ, খন্দকার লেন, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।

২। ডা: মোঃ রকিবুল ইসলাম, রেজিষ্টার, মেডিকেল সেন্টার, বাপাউবো, ৭২ গ্রীণরোড, ঢাকা।

**স্বাক্ষরিত/-**

(এস. এম. আকবর হোসেন)
উপ-পরিচালক
কল্যাণ পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-১০৪/৩(১৪)- পাউবো(কল্যাণ)/বিবিধ-৭২৩/২০২১ তারিখ: ২৭/০১/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা , বাপাউবো, ঢাকা।

৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

৪-৫। পরিচালক, অর্থ/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৮। উপ-পরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।

৯-১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

১৪। অফিস কপি/মাস্টার কপি।

27/02/22

(এস. এম. আকবর হোসেন)
উপ-পরিচালক
কল্যাণ পরিদপ্তর,
বাপাউবো, ঢাকা।